

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র স্পেশাল জজ আদালত  
মানিকগঞ্জ  
“বিজ্ঞপ্তি”

যেহেতু, নিম্ন তপশীল বর্ণিত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী রহিয়াছে এবং যেহেতু ফৌজদারী কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান অনুযায়ী উক্ত আসামীর বিরুদ্ধে আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হইয়াছে; এবং

যেহেতু, অত্রাদালতে ইহা বিশ্বাস করিবার যুক্তিসংগত কারণ রহিয়াছে যে, এই মামলায় নিম্ন বর্ণিত আসামী বিচারের সম্মুখীন না হওয়ার জন্য গ্রেফতার এড়াইয়া পলাতক অবস্থায় রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং তাহাকে আশু গ্রেফতার করিবার কোনো সম্ভাবনা নাই।

সেহেতু, ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্ট ৬(১)(১ এ) ধারার অধীনে প্রাপ্ত ক্ষমতাবলে উক্ত আসামীকে তফসিলে তাহার নামের পার্শ্বে বর্ণিত মামলায় বিচারের সম্মুখীন হওয়ার জন্য অত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার ০৫ (পাঁচ) দিনের মধ্যে অত্রাদালতে হাজির হইবার নির্দেশ দেওয়া যাইতেছে।

অন্যথায় তাহার অনুপস্থিতিতেই উক্ত মামলার বিচারকার্য সম্পন্ন করা হইবে।

“তপশীল”

ক্রমিক নং	আসামীর নাম ও ঠিকানা	মামলার বিবরণ
১।	মোঃ ইয়াকুব ভূইয়া, পিতামৃত-আব্দুর রশিদ ভূইয়া, সাং-পাইকেশ্তা, থানা- সেনবাগ, জেলা- নোয়াখালী।	স্পেশাল মামলা নং-০১/২০১৯ সূত্র: মানিকগঞ্জ থানার মামলা নং-৩১(১০)১৬, জি,আর নং-৪৭৫/১৬, ধারা: দঃ বিঃ ৪৬৭/৪৬৮/৪২০/১০৯ এবং ১৯৪৭ সনের ২নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারার।

মমতাজ বেগম  
সিনিয়র স্পেশাল জজ,  
মানিকগঞ্জ।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(৫১৭)

মূল্য : টাকা ৪.০০